# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ / ২৬ নভেম্বর ২০২৫

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
ও ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ/নিযুক্তি এবং তাঁর দায়-দায়িত্ব সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ ২৭ ফেব্রুয়ারি ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ/নিযুক্তি এবং তাঁর দায়-দায়িত্ব সম্পর্কিত বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়। আলোচ্য সার্কুলারের ২(গ)(১০) নং অনুচ্ছেদে প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংকিং পেশায় সক্রিয় কর্মকর্তা হিসেবে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতাসহ ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তার অব্যবহিত পূর্ববর্তী পদে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, ব্যাংক-কোম্পানীসমূহের ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের যোগ্যতা, উপযুক্ততা ও অভিজ্ঞতার শর্তাবলীতে পূর্ববর্তী অভিজ্ঞতার ক্ষেত্রে সমরূপতা/সারূপ্য বিধানের লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২৪ এর ২(গ)(১০) নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো :

"ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংকিং পেশায় সক্রিয় কর্মকর্তা হিসেবে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতাসহ ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক বা অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক পদে একক বা উভয়ভাবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা ব্যাংক ও আর্থিক খাতের নিয়ন্ত্রক সংস্থায় প্রথম শ্রেণি বা সমমান এবং তদুর্ধ্ব পদে কমপক্ষে ২৫ বছরের অভিজ্ঞতাসহ জাতীয় বেতন স্কেলের ২য় গ্রেডের কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকতে হবে।"

০৩। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ ২৭ ফেব্রুয়ারি ২০২৪ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০০৯৫